**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ব্রঙ্কসে চারটি নতুন স্টেশন আনতে মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের কাজ শুরু হওয়ার ঘোষণা করলেন

***সিনেটর শুমার, কংগ্রেসম্যান টোরেস, এবং কংগ্রেসওম্যান ওকাসিও-কর্টেজ গভর্নরের এবং মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের সাথে নির্মাণকাজ শুরু করার সময় যোগদান করেন***

***মেট্রো-নর্থ রেলরোডের সর্ববৃহৎ সম্প্রসারণ 500,000 বাসিন্দার এক মাইলের মধ্যে ট্রেন সেবা নিয়ে আসবে এবং নাটকীয়ভাবে যাত্রা সময় কমিয়ে দিবে***

***নিউ হাভেন লাইনের মাধ্যমে পেন স্টেশনে মেট্রো-নর্থ সেবা প্রদান করবে, ম্যানহাটন, ইস্ট ব্রঙ্কস, ওয়েস্টচেস্টার ও কাইনেটিকাটকে যুক্ত কবে***

***নতুন রেল সেবা বাসিন্দাদের ম্যানহাটনে যেতে প্রতিদিন 50 মিনিট যাতায়াতের সময় হ্রাস করবে এবং বিপরীত যাত্রার সুযোগ খুলে দিবে***

***কাজ শুরু হওয়ার বি-রোল উপলভ্য এখানে***

গভর্নর হোকল আজকে সকালে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) নেতৃবৃন্দের সাথে মিলে ঘোষণা করলেন যে মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস পয়েন্ট (Metro-North Penn Station Access) প্রকল্পের কাজ শুরু হয়েছে। ব্রঙ্কসে চারটি নতুন স্টেশন নিয়ে এই প্রকল্পটি 500,000 বাসিন্দার এক মাইলের মধ্যে রেল সেবা নিয়ে আসবে এবং 1983 সালে মেট্রো-নর্থ রেলরোড (Metro-North Railroad) প্রতিষ্ঠার পর থেকে এর সর্ববৃহৎ সম্প্রসারণ হবে। ম্যানহাটন, ওয়েস্টচেস্টার এবং কাইনেটিকাট পর্যন্ত যাওয়া আসার জন্য রেল সেবা প্রদান করার মাধ্যমে, এটি ইস্ট ব্রঙ্কসের সম্প্রদায়সমূহের জন্য চাকরি, শিক্ষা ও বিনোদন পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে। পাশাপাশি, প্রকল্পটি ব্যাপকভাবে যাতায়াতের সময় হ্রাস করবে, বিপরীত যাত্রার সুযোগ প্রদান করবে এবং প্রথমবারের মতো মেট্রো-নর্থের মাধ্যমে ম্যানহাটনে যাওয়ার একটি অতি গুরুত্বপূর্ণ দ্বিতীয় রুট প্রদান করবে।

"আমরা ইস্ট ব্রঙ্কস সম্প্রদায়সমূহের জন্য আধুনিক, নিরাপদ, এবং নির্ভরযোগ্য গণপরিবহন নিয়ে আসছি এবং এর সাথে আসছে নিউ ইয়র্কবাসীদের জন্য আরো অর্থনৈতিক সুযোগ,"

**গভর্নর হোকল বলেন।** "সিনেটর শুমার, প্রতিনিধি ওকাসিও-কর্টেজ, এবং বোম্যান, এবং অ্যামট্র্যাকের (Amtrak) সাথে অংশীদারিত্বে, পেন স্টেশন অ্যাক্সেস শুধু যাতায়াতের সময় ব্যাপক হারে হ্রাস করবে না, বরং এটি হাজার হাজার বাসিন্দাকে সংযুক্ত করতে সাহায্য করবে এবং স্থানীয় অর্থনীতিসমূহে বলীয়ান করবে। আমি এই প্রকল্পের কাজ শুরু করতে MTA-র অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ এবং আমি কীভাবে সম্পূর্ণ হওয়ার পর প্রকল্পটি সকল নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাপ্য আধুনিক গণপরিবহনের সুযোগ প্রদান নিশ্চিত করতে সাহায্য করবে তা দেখতে উন্মুখ।"

নতুন চারটি স্টেশন হবে হান্টস পয়েন্ট (Hunts Point), পার্কচেস্টার/ভ্যান নেস্ট (Parkchester/Van Nest), মরিস পার্ক (Morris Park), এবং কো-অপ সিটি (Co-Op City) এবং এগুলি আমেরিকানস উইথ ডিজেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুসারে সকলের জন্য অ্যাক্সেসিবল হবে।

সম্প্রসারণটি অ্যামট্র্যাকের হেল গেট লাইন (Hell Gate Line) ব্যবহার করবে পেন স্টেশনে অ্যাক্সেসের জন্য, যা বিদ্যমান অবকাঠামোর সেরা ব্যবহার করবে এবং আশেপাশের সম্প্রদায়সমূহে নির্মাণ প্রভাব সর্বনিম্ন করবে। চারটি নতুন স্টেশনে থামা মেট্রো-নর্থ ট্রেনগুলি নিউ রোশেল স্টেশন (New Rochelle Station) থেকে নিউ হাভেন লাইনের (New Haven Line) একটি সম্প্রসারণ হিসেবে কাজ করবে, ইস্ট ব্রঙ্কস থেকে মিডটাউন ম্যানহাটন পর্যন্ত এবং একইসাথে ওয়েস্টচেস্টার, কাইনেটিকাটের কিছু পয়েন্ট পর্যন্ত ও সেখান থেকে ট্রানজিট বিকল্প প্রদান করবে।

**MTA-র প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস ব্রঙ্কসের বিশাল পরিবহনের ঘাটতি থাকা এলাকার জন্য সব কিছু পাল্টে দিবে। 500,000 বাসিন্দা এবং সম্পূর্ণ সেবা এলাকা বিবেচনা করলে আরো বেশি মানুষ চারটি নতুন মেট্রো-নর্থ স্টেশনের মাত্র এক মাইলের মধ্যে বাস করে। এই প্রকল্পটির অর্থ হবে নাটকীয়ভাবে স্বল্পতর যাত্রার সময় এবং চাকরি, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং নিউ ইয়র্কের বাকি সব সুবিধার প্রতি জীবন পরিবর্তনকারী সুযোগ।"

**মেট্রো-নর্থ রেলরোডের প্রেসিডেন্ট এবং লং আইল্যান্ড রেলরোডের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ক্যাথরিন রিনাল্ডি বলেন,** "গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন (Grand Central Madison) প্রথমবারের মতো লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR), মেট্রো-নর্থ এবং সাবওয়েকে এক ছাদের নিচে আনছে। পেন স্টেশনে মেট্রো-নর্থ সেবা আনার ফলে তা সাবওয়ে, LIRR, নিউ জার্সি ট্রানজিট (New Jersey Transit, NJ ট্রানজিট), বন্দর কর্তৃপক্ষ ট্রান্স-হাডসন (Port Authority Trans-Hudson, PATH), এবং অ্যামট্র্যাককে সংযুক্ত করবে যা এমন আঞ্চলিক সংযোগ প্রদান করবে যা দেশের অন্য কোনও স্থানে নেই। চলতে থাকা সকল পরিবহন প্রকল্পের কাজ শেষ হলে তা ত্রি-স্টেট এলাকায় ট্রানজিটের রূপ নতুন করে সংজ্ঞায়িত করবে এবং সীমিত বিকল্পসহ সম্প্রদায়সমূহের জন্য অত্যাবশ্যকীয় পরিবহন প্রদান করবে। আজকে, আমরা এমন একটি মাইলফলক উদযাপন করছি যা আমাদেরকে বাস্তবের কাছাকাছি নিয়ে যাচ্ছে।"

**MTA নির্মাণ ও বিকাশের (MTA Construction and Development) প্রেসিডেন্ট জেমি টোরেস-স্প্রিঙ্গার বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস ইস্ট ব্রঙ্কস এবং সম্পূর্ণ নিউ ইয়র্ক অঞ্চলের জন্য রূপান্তরকারী সুবিধা প্রদান করবে। বিদ্যমান অবকাঠামোর পূর্ণ সুবিধা নেওয়া এবং LIRR থার্ড ট্র্যাকের (LIRR Third Track) মতো সফল প্রকল্পসমূহ থেকে আমাদের সেরা অনুশীলন প্রয়োগ করে, MTA নির্মাণ ও বিকাশ এই প্রকল্পটি আরো ভালোভাবে, দ্রুত এবং সস্তায় শেষ করবে।"

হেল গেট লাইন সংলগ্ন অবকাঠামোর উন্নয়ন এছাড়াও সেবার নির্ভরযোগ্যতা এবং অ্যামট্র্যাকের জন্য সময়মতো কার্যকারিতা উন্নত করবে, যারা সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমারের প্রয়াসের কল্যাণে প্রকল্পটির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। অ্যামট্রাক বিলম্বের খরচ দিতেও সম্মত হয়েছে যদি তারা বিভ্রাট বা কর্মশক্তি প্রদানের প্রতিশ্রুতি পূরণ করতে ব্যর্থ হয়। প্রকল্পের মোট ব্যয় 3.18 বিলিয়ন মার্কিন ডলার হতে পারে বলে অনুমান করা যাচ্ছে, যা জুলাইয়ে ঘোষিত একটি ক্যাপিটাল পরিকল্পনার অনুবর্তী যেখানে নিউ রোশেল ইয়ার্ডের সম্প্রসারণের জন্য তহবিল যোগ করা হয়েছে।

**অ্যামট্র্যাক বোর্ডের প্রধান টনি কশা বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস পয়েন্ট প্রকল্পটি বর্তমানের সুবিধাবঞ্চিত এলাকাসমূহে নতুন বা উন্নত রুট দিয়ে যাত্রী রেল সেবা সম্প্রসারিত করার অ্যামট্র্যাক ভিশনের সাথে মিলে যায় সম্প্রদায়সমূহকে যুক্ত করার মাধ্যমে, ট্রেন চাকরিতে যাতায়াত এবং অর্থনৈতিক সচলতা প্রদানে সাহায্য করে যা অসমতার বিরুদ্ধে লড়াই করে। আমরা গভর্নর হোকল এবং MTA-তে আমাদের অংশীদারদের অভিনন্দন জানাচ্ছি এই মাইলফলকে পৌঁছানোর জন্য, এবং সিনেটর শুমার, কংগ্রেসম্যান টোরেস এবং কংগ্রেসে আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি এই গুরুত্বপূর্ণ প্রকল্পকে অগ্রসর করতে তাদের নেতৃত্বের জন্য।"

**সিনেট সংখ্যা গরিষ্ঠ নেতা চাক শুমার বলেন,** "অনেক বেশি সময় ধরে ইস্ট ও সাউথ ব্রঙ্কস ট্রানজিট মরুভূমি হয়ে আছে। সেজন্য আমি এই অত্যাবশ্যকীয় প্রকল্পটি অগ্রসর করতে এতো জোর লড়াই করেছি - প্রথমে অ্যামট্র্যাক এবং MTA-কে তাদের অংশীদারিত্বের বিস্তারিত ঠিক করতে একত্রিত করেছি; এবং দ্বিতীয়ত দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে দশ বিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছি যা ইস্ট ও সাউথ ব্রঙ্কসের চারটি নতুন মেট্রো-নর্থ স্টেশনের খরচ পরিশোধ করবে। ট্রানজিট বিকাশের অর্থ হলো সম্প্রদায়ের বিকাশ, এবং যখন আমরা মহামারীর পর আমাদের অর্থনীতি পুনর্গঠন করে যাচ্ছি তখন আমাদেরকে পেন স্টেশন অ্যাক্সেসের মতো প্রকল্পসমূহের মাধ্যমে সম্ভব সকল কিছু করতে হবে যাতে এই পুনরুদ্ধারটি ন্যায্য হয়। আজকের এই কাজ শুরু হওয়ার মাধ্যমে, নিউ ইয়র্ক আমাদের গণপরিবহন ব্যবস্থার আগামী প্রজন্ম গঠন করছে যা আমাদের শহরকে বিকাশমান রাখবে, নতুন মানুষ ও ব্যবসা আকৃষ্ট করতে থাকবে এবং সেই শক্তির স্পন্দন সচল রাখবে যা এই স্থানকে এতো বিশেষ করে।"

**প্রতিনিধি আলেক্সান্ড্রিয়া ওকাসিও-কর্টেজ বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের ফলাফল হিসেবে ব্রঙ্কসে আমাদের প্রতিবেশীদের যাতায়াতের সময় এক ঘণ্টার বেশি হ্রাস পাবে। আমি দীর্ঘদিন ধরে গণপরিবহনে বিনিয়োগ করার পক্ষে কথা বলেছি এবং এটি আমাদের জেলার কর্মজীবী সম্প্রদায়গুলির জন্য যেই ইতিবাচক প্রভাব নিয়ে আসবে তা বিশেষ করে অর্থপূর্ণ।"

**প্রতিনিধি জামাল বোম্যান বলেন,** "আমার ব্রঙ্কস এবং ওয়েস্টচেস্টার নাগরিকদের অনেক দীর্ঘসময় ধরে পরিবহন ন্যায়বিচার প্রাপ্য। মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পটি আমার ব্রঙ্কস ও নিউ রোশেল নাগরিকদের জন্য পরিবহন সমতা বাস্তবায়ন করতে সাহায্য করে। দীর্ঘদিন পূর্বেই হওয়া উচিত ছিলো এমন প্রকল্পটির কাজ শুরু হওয়া এবং ভবিষ্যতে এই কাজ শেষ হওয়া দেখতে আমরা উন্মুখ। যাতায়াতের দীর্ঘ সময় আমাদের জীবনযাত্রার মানকে অনেক উপায়ে প্রভাবিত করে এবং যাতায়াতের সময় হ্রাস পেলে অনেক ব্যক্তি ও পরিবারের জন্য নতুন সুযোগ সৃষ্টি হবে। এছাড়াও মেট্রো-নর্থে এই সম্প্রসারণগুলি যুক্ত করার ফলে আমাদের সম্প্রদায়ের আরো অনেক সদস্য গাড়ি না চালিয়ে গণপরিবহন বাছাই করতে পারবে এবং তা আমাদেরকে একটি সবুজ ভবিষ্যতের দিকে ঠেলে দিবে। আমি এইসব সম্প্রদায় পরিবর্তনকারী গণপরিবহন প্রকল্পকে ফেডারেল পর্যায়ে সমর্থন করতে পেরে গর্বিত এবং গণপরিবহনকে সকলের ব্যবহারযোগ্য করতে ভবিষ্যৎ অবকাঠামো বিনিয়োগসমূহের পক্ষে কাজ করে যাবো।"

**প্রতিনিধি রিচি টোরেস বলেন,** "অনেক দীর্ঘ সময় ধরে ব্রঙ্কস গণপরিবহনের ক্ষেত্রে অবহেলিত হয়েছে। পেন স্টেশন মেট্রো সম্প্রসারণ প্রকল্পটি ব্রঙ্কসে পর্যাপ্ত মেট্রো পাওয়ার সুযোগ নিশ্চিত করার দিকে একটি অগ্রগামী ধাপ। এই সম্প্রসারণটি শুধু যাত্রার সময় হ্রাস করে না, বরং আঞ্চলিক সংযোগ উন্নত করে এবং এটি স্থানীয় অর্থনৈতিক লাভ প্রদান করে। ব্রঙ্কস শুধু টিকে থাকছে না, সমৃদ্ধি করছে, এবং এই প্রকল্পটি আমাদের সম্প্রদায়ের বিকাশ নিশ্চিত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

**নিউ ইয়র্ক স্টেটের সিনেট নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন,** "মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পটি আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহ, অর্থনীতিসমূহ, শিক্ষা প্রতিষ্ঠান, এবং আরো অনেক কিছুকে সংযুক্ত করার একটি দারুণ সুযোগ। আমি এই প্রকল্পের পক্ষে কাজ করেছি, এবং আমি সরকারে আমার সহকর্মী স্টেট ও ফেডারেল অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি এই সম্প্রসারণকে বাস্তব করতে তাদের প্রয়াসের জন্য। আমি বুদ্ধিমান অবকাঠামো বিনিয়োগ সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ এবং মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পের কাজ শেষ হতে দেখার জন্য উন্মুখ।"

**অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন,** "একাধিক ব্রঙ্কস সম্প্রদায়ে মেট্রো-নর্থ রেলরোড সম্প্রসারিত করার ফলে আমাদের পরিচিত গণপরিবহন রূপান্তরিত হয়ে যাবে। প্রায়শই ট্রানজিট মরুভূমি হিসেবে বর্ণিত এইসব এলাকায় দ্রুত, নির্ভরযোগ্য এবং অ্যাক্সেসিবল পরিবহন একটি প্রয়োজন। এই সম্প্রসারণ বাসিন্দা ও প্রতিবেশী সম্প্রদায়সমূহের জন্য গুরুত্বপূর্ণ, যা অসীম অর্থনৈতিক ও সামাজিক সুযোগের দুয়ার উন্মোচিত করে দিবে। ব্রঙ্কস সম্প্রদায়ে এই বিনিয়োগের জোরালো প্রভাব থাকবে।"

**স্টেটের সিনেটর লুইস সেপুলভেডা বলেন,** "আজকে গভর্নর হোকলের ঘোষিত সম্প্রসারণ এবং হান্টস পয়েন্ট, পার্কচেস্টার/ভ্যান নেস্ট, মরিস পার্ক, এবং কো-অপ সিটি স্টেশনে বহু মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ফলে ব্রঙ্কসে আমাদের সকলের জীবনযাত্রার মানে ব্যাপক উন্নতি হবে। এই অবকাঠামো বিনিয়োগ প্রকল্পটি প্রত্যক্ষভাবে হাজার হাজার ব্রঙ্কস বাসিন্দাদের জীবন উন্নত করবে। আমরা শুধু আরো ভালো ফ্যাসিলিটি, হ্রাসকৃত পরিবহনের সময় এবং

শহরের বাকি অংশের সাথে আরো ভালো আন্তঃসংযোগই পাবো না, বরং আমাদের ব্যবসা ও শিক্ষার জন্য এর সুবিধাও ব্যবহার করতে পারবো। আমি MTA, গভর্নরের অফিস এবং এটিকে সম্ভব করার জন্য জড়িত সকলের প্রশংসা করছি।"

**অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস ব্রঙ্কস, ম্যানহাটন, ওয়েস্টচেস্টার ও কাইনেটিকাটের বাসিন্দাদের জন্য সব কিছু পাল্টে দিবে। প্রথমবারের মতো এই সম্প্রদায়গুলি পেন স্টেশন পর্যন্ত এক-আসনের যাত্রা করতে পারবে, যা প্রতিদিন 50 মিনিট যাত্রার সময় বাঁচাবে। নতুন এই 5টি স্টেশনের সময় বাঁচানো ও সুবিধা চাকরি, শিক্ষা ও স্বাস্থ্যসেবার ক্ষেত্রে বৃহত্তর সুযোগ উন্মোচন করে। আমি MTA-কে তাদের পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাচ্ছি আজকে পর্যন্ত পৌঁছানোর জন্য এবং আমাদের বাসিন্দাদের জন্য উন্নত অ্যাক্সেস ও গ্রাহক অভিজ্ঞতার নতুন এই যুগের অভিজ্ঞতা দেখার জন্য উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য জেফ্রি ডিনোউইৎজ বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেসের দিকে আজকের ধাপটি ব্রঙ্কসাইটদের জন্য একটি দারুণ মুহূর্ত। ইস্ট ব্রঙ্কসে মেট্রো-নর্থ সেবা আসার ফলে আমাদের বরোর জন্য অর্থনৈতিক সুযোগ উল্লেখযোগ্য পরিমাণ সম্প্রসারিত হবে। গভর্নর হোকল এবং MTA-কে ধন্যবাদ অগ্রগতি অব্যাহত রাখার জন্য এবং আমরা সকলেই এই প্রকল্পের কাজ শেষ হতে দেখার জন্য উন্মুখ।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল বেনেডেট্টো বলেন,** "ব্রঙ্কস এবং কো-অপি মানুষ গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছে আমাদের সেই স্বপ্নকে বাস্তব করার জন্য যার জন্য আমরা দীর্ঘ লড়াই করেছি: ব্রঙ্কসে একটি মেট্রো-নর্থ স্টেশন। আমরা এখন সত্যিই বৃহত্তর মেট্রোপলিটন অঞ্চলের সাথে সংযুক্ত, আমাদের অপেক্ষা শেষ হয়েছে।"

**ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পটি সাউন্ড শোরে বাস করা ওয়েস্টচেস্টার বাসিন্দাদের জন্য একটি বিজয়। পেন স্টেশন পর্যন্ত একটি এক আসনের যাত্রা তৈরি, প্রথমবারের মতো আরো বেশি চাকরি, শিক্ষা এবং স্বাস্থ্যসেবার পাওয়ার সুযোগ উন্মোচন যাতায়াত উন্নত করবে, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করবে এবং এই প্রক্রিয়ায় ওয়েস্টচেস্টারে বাড়ির দাম বৃদ্ধি করবে। একত্রে, সরকারের সকল পর্যায় একটি সত্যিকারের গতিশীল পরিবর্তন নিয়ে আসছে তাদের জন্য যাদের সেবার জন্য আমাদের নির্বাচিত করা হয়েছে।"

**নিউ রোশেলের মেয়র নোয়াম ব্র্যামসন বলেন,** "পেন স্টেশন অ্যাক্সেস এই প্রজন্মে আমাদের অঞ্চলের পরিবহন অবকাঠামোর সর্বাধিক উল্লেখযোগ্য উন্নয়নকাজ, যা আমাদের সম্প্রদায়, পরিবেশ ও জীবনযাত্রার মানের জন্য ব্যাপক ব্যাপ্তির লাভ আনবে। নিউ রোশেলের জন্য, প্রকল্পটির বিশেষ গুরুত্ব রয়েছে, যা আমাদের ম্যানহাটনের নিকটতম মেট্রো-নর্থ স্টেশন এবং গ্র্যান্ড সেন্ট্রাল ও পেন পর্যন্ত সরাসরি সেবা প্রদান করছে, এবং আমাদের ডাউনটাউন ট্রানজিট জেলাকে নজিরবিহীন অর্থনৈতিক বিকাশ ও টেকসই প্রবৃদ্ধির অবস্থানে স্থাপন করছে।"

**ব্রঙ্কস বরোর (Bronx Borough) প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন,** "ইস্ট ব্রঙ্কস দীর্ঘদিন ধরে পরিবহন অ্যাক্সেসের ক্ষেত্রে সুবিধাবঞ্চিত ছিলো, কিন্তু এই চারটি নতুন মেট্রো-নর্থ

স্টেশন যাত্রীদের জন্য নিজেদের গন্তব্যে যাতায়াত সহজতর করবে এবং আমাদের বরোর ট্রানজিট মরুভূমি অপসারণ করতে সাহায্য করবে। আমি গভর্নর হোকল, সিনেটর শুমার, কংগ্রেসম্যান টোরেস, কংগ্রেসওম্যান ওকাসিও-কর্টেজ, অ্যামট্র্যাক, পেন স্টেশন অ্যাক্সেস ও MTA-কে ধন্যবাদ জানাতে চাই এই উদ্যোগটি অগ্রসর করার জন্য এবং আমাদের ইস্ট ব্রঙ্কসের বাসিন্দাদের ট্রানজিট সমতার প্রতি তাদের প্রতিশ্রুতির জন্য। আমি এই প্রকল্পটির কাজ শেষ হতে দেখার জন্য উন্মুখ।"

**কাউন্সিলসদস্য রাফায়েল স্যালামানকা বলেন,** "আজকের ঐতিহাসিক কাজ শুরু করার অনুষ্ঠানটি যা ব্রঙ্কসের চারটি নতুন মেট্রো-নর্থ স্টেশনকে উদযাপন করে, যার মধ্যে আমার জেলার হান্টস পয়েন্ট অংশ আছে, তা আমাদের শহর ও স্টেট যেই ট্রানজিট সমতা অর্জন করতে চাইছে তার জন্য একটি কেন্দ্রীয় মুহূর্ত। এই নতুন স্টেশনগুলি শুধু পেন স্টেশন থেকে ও তা পর্যন্ত যাতায়াত সম্প্রসারণ করবে না, বোরন ওয়েস্টচেস্টার কাউন্টি ও কাইনেটিকাটে ব্রঙ্কসাইটদের জন্য অর্থনৈতিক ও শিক্ষাগত সুযোগ ব্যাপকভাবে বৃদ্ধি করবে, এই এলাকাগুলিতে পূর্বে একটি সরাসরি ট্রানজিট রুট দ্বারা যাওয়া যেতো না। আমি গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, স্টেট এবং ফেডারেল অংশীদারদের ধন্যবাদ জানাই এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে তাদের সংকল্পের জন্য।"

**কাউন্সিলসদস্য আমান্ডা ফারিয়াস বলেন,** "আমি স্থানীয়ভাবে ব্রঙ্কসাইটদের নিয়োগদানের সুযোগ পেয়ে এবং আমার প্রতিবেশীদের জন্য অ্যাক্সেসিবল ও সাশ্রয়ী নতুন একটি যাতায়াত বিকল্প যোগ করতে পেরে আনন্দিত যা জ্যাম কমাবে এবং আমার জেলায় টেকসই ট্রানজিট বৃদ্ধি করবে। আমি আমার সম্প্রদায়ের সাথে সকল প্রস্তাবিত প্রকল্পে জড়িত হওয়ার জন্য এবং তাদের মতামতের সমন্বয়ে কাজ করার জন্য উন্মুখ যাতে নিশ্চিত করা যায় যে ব্রঙ্কস মেট্রো-নর্থ পরিকল্পনা প্রথমে ব্রঙ্কসের চাহিদা পূরণ করে এবং জনগণকে সরাসরি লাভবান করে।"

**কাউন্সিলসদস্য মার্জোরি ভেলাকুয়েজ বলেন,** "মেট্রো-নর্থ সম্প্রসারণটি হাজার হাজার চাকরি তৈরি এবং ব্রঙ্কসের অনেক লুকানো রত্নের অ্যাক্সেস প্রদান করার মাধ্যমে অর্থনীতির সমর্থনে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমাদের সম্প্রদায়সমূহের বিকাশের সাথে সাথে আমাদেরকে অবশ্যই আমাদের সমৃদ্ধ হতে থাকা এলাকার প্রতিফলনে নির্মাণ করতে হবে। এটির মতো অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রায়শই অতিরিক্ত রেড টেপ দ্বারা বাধাপ্রাপ্ত হয়; ইতিমধ্যে বিদ্যমান অবকাঠামোর ব্যবহার করে আমরা সেই প্রতিবন্ধকতা পার করবো। এবং আমারটির (মেরিস পার্ক এবং পার্কচেস্টার/ভ্যান নেস্ট) মতো সম্প্রদায়সমূহের জন্য যা পরিবহন মরুভূমি, অতিরিক্ত পরিবহন বিকল্পের চাহিদা অনস্বীকার্য। এই সম্প্রসারণটি একটি দুর্দান্ত বিনিয়োগ এবং আমি আমার সম্প্রদায়কে এই উদ্যোগের একটি অংশ হতে দেখে আনন্দিত।"

**গ্রেটার নিউ ইয়র্কের ভবন ও নির্মাণ বাণিজ্য পরিষদের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন,** "আজকের দিনটি আমাদের শহরের যাত্রী রেল নেটওয়ার্ক আধুনিকায়ন ও পুনর্জীবিত করার ক্ষেত্রে আরো একটি অতি গুরুত্বপূর্ণ ধাপের প্রতিনিধিত্ব করে এমন একটি প্রকল্পের মাধ্যমে যা হাজার হাজার মধ্যবিত্ত ক্যারিয়ার গঠন করবে এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে। আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি এই প্রকল্পে তার অবিচল নিবেদনের জন্য এবং এই মুখ্য

উদ্যোগটি অগ্রসর করার জন্য তার নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ। আমাদের সদস্যরা স্টেকহোল্ডারগণ এবং শিল্পখাতটি জুড়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করার জন্য উন্মুখ যাতে আমাদের রেলওয়েগুলিকে একটি আদর্শ এবং সক্রিয় ট্রানজিট ব্যবস্থায় রূপান্তর করা যায় যা নিউ ইয়র্কবাসীর প্রাপ্য এবং যা নিয়ে তারা গর্ব করতে পারবে।"

## প্রকল্পের সুবিধাসমূহ

- **যাত্রার সময় উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস করে।** পেন স্টেশনে যাত্রা করা ইস্ট ব্রঙ্কসের যাত্রীরা উভয় দিকে 50 মিনিট পর্যন্ত সময় বাঁচাতে পারবে, এবং কাইনেটিকাটে যাত্রা করা ব্যক্তিরা 75 মিনিট পর্যন্ত বাঁচাতে পারবে। উদাহরণস্বরূপ, প্রস্তাবিত কো-অপ সিটি স্টেশন থেকে পেন স্টেশনে যেতে প্রায় 75 মিনিট সময় লাগে, পেন স্টেশন অ্যাক্সেসের কাজ শেষ হয়ে গেলে এই যাত্রা সময় মাত্র প্রায় 25 মিনিট হবে বলে আশা করা যাচ্ছে। বর্তমান নিউ হাভেন লাইন যাত্রীরা যারা ওয়েস্ট সাইডের গন্তব্যে যাবে তারা প্রতিদিন 40 মিনিট পর্যন্ত বাঁচাতে পারবে।
- **বিপরীত যাত্রার সুযোগ বৃদ্ধি।** বিপরীত যাত্রাকারীরা আরো সহজে পেন স্টেশন থেকে হান্টস পয়েন্ট, পার্কচেস্টার/ভ্যান নেস্ট, মরিস পার্ক, কো-অপ সিটি, ওয়েস্টচেস্টার এবং সাউদার্ন কাইনেটিকাটে যেতে পারবে।
- **স্থানীয় অর্থনীতির লাভ ও আরো বেশি টেকসই হওয়া।** ইস্ট ব্রঙ্কস, ওয়েস্টচেস্টার ও কাইনেটিকাটে যাতায়াত উন্নত করার ফলে স্থানীয় শিক্ষা ক্যাম্পাস, চিকিৎসা প্রতিষ্ঠান ও খুচরা বিক্রয় কেন্দ্রগুলি লাভবান হবে। যাতায়াতের সময় ব্যাপকভাবে হ্রাস করে, পেন স্টেশন অ্যাক্সেস গণপরিবহনকে একটি কার্যকর, আকর্ষণীয় যাতায়াত বিকল্প বানাবে, চালকদের গণপরিবহনে ব্যবহার করতে উৎসাহিত করবে, ট্র্যাফিক জ্যাম ও নিঃসরণ কমাবে।
- **উন্নত আঞ্চলিক সংযোগ।** অতিরিক্ত বিকল্প নিয়ে, ব্রঙ্কসের বাসিন্দারা এবং সেই সাথে গ্রেটার নিউ ইয়র্ক সিটি এলাকা, ওয়েস্টচেস্টার, কাইনেটিকাট, এবং উত্তরপূর্ব অঞ্চল থেকে আগত ব্যক্তিরা আরো সহজে পুরো উত্তরপূর্বের গন্তব্যগুলিতে পৌঁছাতে পারবে NJ ট্রানজিট, LIRR, PATH, অ্যামট্র্যাক, এবং নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (New York City Transit, NYCT) সাবওয়ের সাথে সংযোগের কারণে।

## প্রকল্পের বিস্তারিত

নতুন ADA স্টেশনগুলির পাশাপাশি, প্রকল্পটি বিদ্যমান 2-ট্র্যাক রেলরোডকে একটি বড় 4-ট্র্যাক রেলরোডে পরিণত করবে, যেখানে 19 মাইলের বেশি নতুন ও পুনর্বাসিত ট্র্যাকের কাজ হবে। 4-ট্র্যাক রেলরোডে এই সম্প্রসারণ সেবার নমনীয়তা প্রদান করবে এই এলাকাজুড়ে যে বর্ধিত পরিমাণ মেট্রো-নর্থ ও অ্যামট্র্যাক ট্রেন সচল হওয়ার প্রত্যাশা রয়েছে তা সমর্থনের জন্য এবং সেবার ব্যাঘাত ঘটলে বিকল্পের ব্যবস্থা সম্ভব করবে।

অতিরিক্ত সেবার কারণে ওয়েস্টচেস্টারে মেট্রো-নর্থের নিউ রোশেল ইয়ার্ডের সম্প্রসারণ প্রয়োজন, সেই সাথে সিগন্যাল, বিদ্যুৎ ও যোগাযোগ অবকাঠামোর উন্নয়ন। এতে থাকবে চারটি

নতুন ইন্টারলকিং, পাঁচটি নতুন সাবস্টেশন, পেলহ্যাম বে-র (Pelham Bay) পুনর্বিন্যাস এবং দুইটি বিদ্যমান সাবস্টেশনের হালনাগাদকরণ।

এছাড়াও প্রকল্পটিতে থাকবে নিচের চারটি ব্রিজের মেরামত ও জোরদার করার জন্য পুনর্বাসন কাজ যা অতিরিক্ত ট্রেন ট্র্যাফিক বহন করবে: ব্রঙ্কস রিভার ব্রিজ (Bronx River Bridge), ইস্টচেস্টার রোড ব্রিজ (Eastchester Road Bridge), ব্রঙ্কসডেল অ্যাভিনিউ ব্রিজ (Bronxdale Avenue Bridge) এবং পেলহ্যাম লেন ব্রিজ (Pelham Lane Bridge)।

## প্রকল্পের সময়সূচি

2021 সালের সেপ্টেম্বরে, ফেডারেল ট্রানজিট প্রশাসন (Federal Transit Administration) একটি কোনও উল্লেখযোগ্য প্রভাব পাওয়া যায় নি (Finding of No Significant Impact)জারি করে, যা প্রকল্পটি অগ্রসর করার অনুমতি দেয়। 2021 সালের 29 ডিসেম্বর, MTA হ্যালমার ইন্টারন্যাশনাল, এলএলসি (Halmar International, LLC) এবং রেইলওয়ার্কসের (RailWorks) যৌথ উদ্যোগকে নকশা-নির্মাণ চুক্তি প্রদান করে।

প্রকল্পের প্রথম যা যা হবে তার মধ্যে কটি হলো লেগেট (Leggett) ইন্টারলকিং নির্মাণ, যা চারটি নতুন ইন্টারলকিংয়ের একটি হবে। লেগেট ইন্টারলকিং প্রস্তাবিত হান্টস পয়েন্ট স্টেশনের দক্ষিণে অবস্থিত হবে। মূল যাত্রী রেল স্টেশনের নির্মাণকাজ 2024 সালে শুরু হবে বলে আশা করা যাচ্ছে। পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্পটির কাজ সম্পূর্ণ হওয়ার প্রত্যাশিত তারিখ 2027 সালে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418